**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটপাড়া, নেত্রকোণা।
www.atpara.netrokona.gov.bd

নম্বর- ০৫.৪৫.৭২০৪.০০০.৪৬.০৩৩.২২-৩৭

তারিখ: ২৭ পৌষ ১৪৩২
১১ জানুয়ারি ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

'স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫' এবং 'স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা-২০১১' অনুযায়ী নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়নসমূহে গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের সংখ্যা | বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ১. | মহল্লাদার | ০৩ নং লুনেশ্বর | ০১ | ০১ টি | সরকার কর্তৃক নির্ধারিত (ইউপি অংশ ৩৭৫০ টাকা+ সরকারি অংশ ৩৭৫০ টাকা) ও বিধি মোতাবেক যাতায়াত ভাতা অন্যান্য সুবিধাদি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ২. | | ০৫ নং তেলিগাতী | ০১ ও ০৩ | ০২ টি | | |
| ৩. | | ০৬ নং দুওজ | ০৯ | ০১ টি | | |
| | | | মোট= | ০৪ টি | | |

### নিয়োগের শর্তাবলী

১. মহল্লাদার প্রার্থীদের অবশ্যই বাংলাদেশের নাগরিক/সংশ্লিষ্ট ইউনিয়নের/সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. আবেদনপত্রে উল্লেখ করতে হবেঃ (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ)জন্ম তারিখ, (ছ) ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখে বয়স, (জ) ভোটার আইডি নং, (ঝ) জাতীয়তা, (ঞ) ধর্ম, (ট) শিক্ষাগত যোগ্যতা, (ট) লিঙ্গ: (পুরুষ/মহিলা), (ঠ) শারিরীক যোগ্যতার পরিমাপ, (ড) অভিজ্ঞতা (যদি থাকে প্রমানকসহ), (ণ) বিশেষ কোটার (যদি থাকে)

৩. শারিরীক যোগ্যতা:
<u>পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :</u> (ক) সর্বনিম্ন উচ্চতা ০৫ ফুট ২ ইঞ্চি, (খ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি, (গ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)।
<u>মহিলা প্রার্থীদের ক্ষেত্রে:</u> (ক) সর্বনিম্ন উচ্চতা ০৫ ফুট, (খ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি, (গ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।

৪. আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে: (ক) প্রার্থীর সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক নাগরিকত্বের সনদ, (গ) জাতীয় পরিচয় পত্রের ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) সকল শিক্ষাগতযোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

৫. আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণার অনুকূলে ১০০(একশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য পে অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

৬. প্রার্থীর বয়স ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। (বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণ যোগ্য হবে না )।

৭. সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৮. আবেদন আগামী ২৯ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে।

৯. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১০. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ টাকার ডাকটিকিট যুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১১. নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫ সহ সংশ্লিষ্ট অন্যান্য বিধি বিধান প্রযোজ্য হবে।

১৩. নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীগণ অগ্রাধিকার পাবে। সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের অন্যান্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে।

১৪. প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫. আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ বিষয়ে কোন আপত্তি বা তদবির গ্রহণযোগ্য হবে না। প্রার্থীর যেকোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৬. চাকুরীর নিয়োগ লাভের পূর্বেই প্রার্থীকে পূর্ববর্তী জীবনের পুলিশি তদন্ত সাপেক্ষ চাকুরীর উপযুক্ততা বিবেচনা করা হবে।

১৭. কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগাদেশ বাতিল করা হবে।

১৮. পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৯. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, পরিমার্জন কিংবা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১/০১/২০২৬
(মোঃ শাহ্‌নূর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা।

নম্বর- ০৫.৪৫.৭২০৪.০০০.৪৬.০৩৩.২২-৩৭

তারিখ: ২৭ পৌষ ১৪৩২ / ১১ জানুয়ারি ২০২৬

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, নেত্রকোণা।
২. উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
৪. অফিসার ইনচার্জ, আটপাড়া, নেত্রকোণা।
৫. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
৬. উপজেলা ............................................ অফিসার, আটপাড়া,, নেত্রকোণা।
৭. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটপাড়া, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৮. চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/প্রশাসক, .....................ইউনিয়ন পরিষদ(সকল), আটপাড়া, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, হাট-বাজারে ও ইউনিয়ন তথ্য বাতায়ন আপলোডসহ ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯. অফিস কপি।

১১/০১/২০২৬
(মোঃ শাহ্‌নূর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা।

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা।

# চাকরির আবেদন ফরম

পাসপোর্ট সাইজের সম্প্রতি তোলা, তিন কপি ছবি

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: মহল্লাদার | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | |

| | | |
|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) |
| ৪. | জাতীয় পরিচয় পত্রের নম্বর : | |
| | জন্ম নিবন্ধন নম্বর : | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা) : |
| | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | ৩১.১২.২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | | |
| ৯. | পিতার নাম: | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন: | ওয়ার্ড: | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার : |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | পে অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর : | তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

প্রার্থীর স্বাক্ষর

তারিখঃ